

গাইবান্ধায় বাণিজ্য উপদেষ্টা মঙ্গা মোকাবিলায় সরকার দীর্ঘমেয়াদি কর্মসূচি হাতে নিয়েছে

গাইবান্ধা প্রতিনিধি

বাণিজ্য উপদেষ্টা ড. হোসেন জিন্নুর রহমান বলেছেন, মঙ্গা মোকাবিলায় সরকার দীর্ঘমেয়াদি কর্মসূচি হাতে নিয়েছে। ১০০ দিনের কর্মসূজন কর্মসূচি মঙ্গা এলাকায় বড় ধরনের পরিবর্তন এনেছে। সে কারণে দেশে মঙ্গা পরিস্থিতি আগের মতো নেই।

গতকাল মঙ্গলবার জেলা পরিষদ মিলনায়তনে 'মঙ্গা নিরসনে করণীয়' শীর্ষক মতবিনিময় সভায় বাণিজ্য উপদেষ্টা এ কথা বলেন। অনুষ্ঠানে কৃষি উপদেষ্টা সি এস করিম বলেন, চলতি বছর সরকার কৃষি ও কৃষকদের উন্নয়নে ব্যাপক অর্থ বরাদ্দ দিয়েছে। খাদ্য উৎপাদনে সরকারকে যাতে পিছিয়ে পড়তে না হয়, সে জন্য সব রকম চেষ্টা চালানো হচ্ছে।

জেলা প্রশাসক আবু মোহাম্মদ ইউসুফের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যদের মধ্যে বক্তৃতা করেন কৃষি উপদেষ্টা সি এস করিম, পুলিশ সুপার এস এম মনির-উজ-জামান, গাইবান্ধা সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ আতিকা বানু, গাইবান্ধা বণিক সমিতির সভাপতি শাহজাদা আনোয়ারুল কাদির, গণ-উন্নয়ন কেন্দ্রের নির্বাহী প্রধান এম আব্দুস সালাম ও সাহাপাড়া ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান মাহবুবুর রহমান টুলু।

সভায় কৃষি উপদেষ্টা সি এস করিম বলেন, রাসায়নিক সারের ওপর নির্ভরতা কমিয়ে জৈব সারের ব্যবহার বাড়াতে হবে। পতিত জলাশয়ে মাছের চাষ এবং সময় উপযোগী প্রশিক্ষণ নিয়ে হাঁস-মুরগি ও পশুপালনে তা কাজে লাগাতে হবে।